# আচরনিক মূল্যায়নের (BI) ট্রান্সক্রিপ্ট

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম | | শিক্ষার্থীর নাম | |
| শিক্ষার্থীর আইডি | শ্রেণিঃ | শ্রেণি শিক্ষকের স্বাক্ষরঃ | |
| | | প্রধান শিক্ষকের স্বাক্ষরঃ | |

| আচরনিক সূচক | শিক্ষার্থীর অর্জনের মাত্রা | | |
|---|---|---|---|
| | □ | ○ | △ |
| ১। দলীয় কাজে অংশগ্রহণ করছে | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্ত গ্রহনে অংশ নিচ্ছে না, তবে নিজের মত করে কাজে অংশগ্রহণ করার চেষ্টা করছে। | দলের কর্মপরিকল্পনায় বা সিদ্ধান্ত গ্রহনে যথাযথ ভাবে অংশগ্রহণ না করলেও দলীয় নির্দেশনা অনুযায়ী নিজের দায়িত্বটুকু যথাযথ ভাবে পালন করছে। | দলের সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনায় সক্রিয় অংশগ্রহণ করেছে, সে অনুযায়ী নিজের ভূমিকা যথাযথ ভাবে পালন করেছে। |
| ২। নিজের বক্তব্য ও মতামত দলের সবার সাথে শেয়ার করেছে এবং অন্যদের বক্তব্য শুনে গঠণমূলক আলোচনায় অংশ নিচ্ছে। | দলের আলোচনায় একেবারে মতামত দিচ্ছেনা অথবা অন্যদের কোন সুযোগ না দিয়ে নিজের মত চাপিয়ে দিতে চাইছে। | নিজের বক্তব্য বা মতামত কদাচিৎ প্রকাশ করলেও জোরালো যুক্তি দিতে পারছেনা অথবা দলীয় আলোচনায় অন্যদের তুলনায় বেশি কথা বলছে। | নিজের যৌক্তিক বক্তব্য ও মতামত স্পষ্ট ভাষায় দলের সবার সাথে শেয়ার করছে, এবং অন্যদের যুক্তিপূর্ণ মতামত মেনে নিয়ে গঠনমূলক আলোচনা করছে। |
| ৩। নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্ব নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপ সমূহ যথাযথভাবে অনুসরন করছে। | নির্দিষ্ট সমস্যা সমাধানে পূর্ব নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কিছু কিছু কাজের ধাপ অনুসরন করছে কিন্তু ধাপ গুলোর ধারাবাহিকতা রক্ষা করতে পারছেনা। | পূর্ব নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ী কাজের ধাপ অনুসরন করছে কিন্তু যে নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে কাজটি পরিচালিত হচ্ছে তার সাথে অনুসৃত ধাপ গুলোর সম্পর্ক স্থাপন করতে পারছেনা। | নির্দিষ্ট সমস্যা সমাধানের উদ্দেশ্যে পূর্ব নির্ধারিত প্রক্রিয়া মেনে কাজের ধাপ সমূহ যথাযথভাবে অনুসরন করছে, প্রয়োজনে প্রকৃয়া পরিমার্জন করছে। |
| ৪। শিখন অভিজ্ঞতাসমুহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে । | শিখন অভিজ্ঞতাসমুহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো কদাচিৎ সম্পন্ন করছে তবে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেনি। | শিখন অভিজ্ঞতাসমুহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো আংশিকভাবে সম্পন্ন করছে এবং কিছু ক্ষেত্রে বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করেছে। | শিখন অভিজ্ঞতাসমুহ চলাকালে পাঠ্যপুস্তকে বর্ণিত কাজগুলো যথাযথভাবে সম্পন্ন করছে এবং বইয়ের নির্ধারিত স্থানে প্রয়োজনীয় ছক/অনুশীলনী পূরণ করছে। |
| ৫। পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করেছে। | সঠিক পরিকল্পনার অভাবে সকল ক্ষেত্রে কাজ সম্পন্ন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে। | যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করার চেষ্টা করেছে কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে কিছু ক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে। | পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কাজ সম্পন্ন করেছে। |
| ৬। দলীয় ও একক কাজের বিভিন্ন ধাপে সততার পরিচয় দিচ্ছে। | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষন ও উপস্থাপন, কাজের প্রকৃয়া বর্ণনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে মনগড়া বা অপ্রাসঙ্গিক তথ্য দিচ্ছে এবং ব্যর্থতা লুকিয়ে রাখতে চাইছে। | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষন ও উপস্থাপন, নিজের ও দলের ব্যর্থতা বা সীমা বদ্ধতা নিয়ে আলোচনা, কাজের প্রক্রিয়া বা ফলাফল বর্ণনা ইত্যাদি ক্ষেত্রে বিস্তারিত তথ্য দিচ্ছে তবে এ বর্ণনায় নিরপেক্ষতার অভাব রয়েছে। | কাজের বিভিন্ন ধাপে, যেমন- তথ্য সংগ্রহ, বিশ্লেষন ও উপস্থাপন, কাজের প্রক্রিয়া বর্ণনায়, নিজের ও দলের ব্যর্থতা বা সীমাবদ্ধতা নিয়ে আলোচনায়, কাজের ফলাফল প্রকাশ ইত্যাদি সকল ক্ষেত্রে নিরপেক্ষতা ও বস্তুনিষ্ঠতার পরিচয় দিচ্ছে। |
| ৭। নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগীতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে। | একক ভাবে নিজের উপর অর্পিত দায়িত্বটুকু পালন করতে চেষ্টা করেছে তবে দলের অন্যদের সাথে সমন্বয় করছেনা। | দলে নিজ দায়িত্ব পালনের পাশাপাশি দলের মধ্যে যারা ঘনিষ্ঠ শুধু তাদেরকে সহযোগীতা করার চেষ্টা করছে। | নিজের দায়িত্ব পালনের পাশাপাশি অন্যদের কাজে সহযোগীতা করছে এবং দলে সমন্বয় সাধন করছে এবং দলীয় কাজে সমন্বয় সাধনের চেষ্টা করছে। |
| ৮। অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্রের প্রতি শ্রদ্ধা রেখে তাদের মতামতের গঠনমূলক সমালোচনা করছে। | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্রকে গুরুত্ব দিচ্ছে না এবং নিজের দৃষ্টিভঙ্গি চাপিয়ে দিচ্ছে। | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্রকে স্বীকার করছে এবং অন্যের যুক্তি ও মতামতকে গুরুত্ব দিচ্ছে। | অন্যদের দৃষ্টিভঙ্গির ভিন্নতা ও বৈচিত্রের প্রতি শ্রদ্ধা বজায় রেখে তাদের মতামতকে গুরুত্ব দিচ্ছে এবং গঠনমূলক আলোচনার মাধ্যমে নিজের দৃষ্টিভঙ্গি তুলে ধরছে। |
| ৯। দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে গঠনমূলক ফিডব্যাক দিচ্ছে। | প্রয়োজনে দলের অন্যদের কাজের ফিডব্যাক দিচ্ছে কিন্তু তা যৌক্তিক বা গঠনমুলক হচ্ছে না। | দলের অন্যদের কাজের গঠনমুলক ফিডব্যাক দেওয়ার চেষ্টা করছে কিন্তু তা সবসময় বাস্তবসম্মত হচ্ছেনা। | দলের অন্যদের কাজের উপর ভিত্তি করে যৌক্তিক, গঠনমুলক ও বাস্তবসম্মত ফিডব্যাক দিচ্ছে। |
| ১০। ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরন নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে সিদ্ধান্ত নিচ্ছে। | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরন নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ ও নান্দনিকতার অভাব রয়েছে। | ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরন নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে বৈচিত্র আনার চেষ্টা করছে কিন্তু পরিমিতিবোধ ও নান্দনিকতা বজায় রাখতে পারছেনা। | ১০। ব্যক্তিগত যোগাযোগ, উপস্থাপন, মডেল তৈরি, উপকরন নির্বাচন ও ব্যবহার, ইত্যাদি ক্ষেত্রে পরিমিতিবোধ, বৈচিত্র্যময়তা ও নান্দনিকতা বজায় রেখে যৌক্তিক সিদ্ধান্ত নিচ্ছে। |